বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২১০

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৪.০২.২১৭.১৬.৩৮৬ তারিখ : ২৮ অক্টোবর ২০২৬ খ্রি.

বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের আওতাধীন ২০২৬ সনে (জানুয়ারি-মার্চ মাসে) অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ও সার্টিফিকেট ইন মেরিন ট্রেড পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষকগণের পারিশ্রমিক বিল প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সনে (জানুয়ারি-মার্চ মাসে) অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ও সার্টিফিকেট ইন মেরিন ট্রেড পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষকগণের সর্বমোট ৩,৯১৩টি পারিশ্রমিক বিল বাবদ **৪,৭৩,৭৫,৭৪৫.২০ (চার কোটি তিয়াত্তর লক্ষ পঁচাত্তর হাজার সাতশত পঁয়তাল্লিশ টাকা বিশ পয়সা মাত্র)** টাকার মোট ০৯ (নয়)টি যার চেক নং ৮৭৮৯৭১৬ হতে ৮৭৮৯৭২৪ পর্যন্ত, তারিখ: ২৬-১০-২০২৬ খ্রি. (সংযোজিত তালিকা অনুযায়ী) উল্লিখিত চেকের অর্থ সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষকগণের স্ব স্ব সঞ্চয়ী হিসাব নম্বরে স্থানান্তর করে প্রযোজ্য ব্যাংক চার্জ প্রাপকের প্রাপ্য টাকা হতে কর্তনপূর্বক প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, যে সকল হিসাব নম্বরে গরমিল/ভুলত্রুটি থাকবে তাদের বরাদ্দকৃত অর্থ বোর্ডের সাব্রি হিসাব নং ৪৪৪০৪৩৬০০০৪৮৩ তে জমা থাকবে। পরবর্তীতে সংশ্লিষ্টদের প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ যৌক্তিক আবেদন পাওয়ার পর সংশোধন করে তালিকা প্রেরণ করলে এই সাব্রি হিসাব থেকে অর্থ প্রেরণ করা যাবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক তালিকা ২ সেট।

২৮/১০/২০২৬
(মোঃ আল মাসুদ করিম)
সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২১০

ব্যবস্থাপক
সোনালী ব্যাংক পিএলসি
আগারগাঁও শাখা, ঢাকা-১২১০।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৪.০২.২১৭.১৬.৩৮৬ তারিখ : ২৮ অক্টোবর ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পিএ টু সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রাধান (সকল)।
৬। সংশ্লিষ্ট নথি।

২৮/১০/২০২৬
(মোঃ আবুল হোসেন)
উপপরিচালক (হি. ও নি.)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।